# কুমিল্লা বোর্ড ২০১৫

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা : দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ৮ |

### সৃজনশীল

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট    পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১.▶ জনাব রফিক ঢাকায় একটি কারখানার শ্রমিক হিসেবে কর্মরত আছেন। তিনি যে বেতন পান তা দিয়ে মোটামুটি তার সংসারের ব্যয় নির্বাহ করেন। তাই বেতন নিয়ে তার কোন চিন্তা নেই। তবে তিনি চাকুরীর ভবিষ্যৎ নিয়ে চিন্তিত। কারণ উক্ত কারখানায় শ্রম ঘূর্ণায়মানতার হার বেশি। ঊর্ধ্বতন কর্মকর্তা সাকিবের স্নেহ ও মায়ামমতাপূর্ণ আচারণে অবশ্য রফিক তার চাকুরির ভবিষ্যৎ নিয়ে কিছুটা আশ্বস্থ হয়েছেন।

ক. নেতৃত্ব কী? ১
খ. লক্ষ্যার্জনে নেতৃত্ব গুরুত্বপূর্ণ কেন? ২
গ. জনাব সাকিবের আচরণে কোন ধরনের নেতৃত্বের প্রকাশ পায়? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব রফিকের মধ্যে মাসলোর চাহিদা সোপান তত্ত্বের বর্ণিত কোন স্তরের চাহিদা পরিলক্ষিত হয় বলে তুমি মনে কর? যুক্তিসহ মতামত দাও। ৪

২.▶ মি. রনি একটি কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক। তার অধীনে ৩ জন ব্যবস্থাপক ও ৬ জন শাখা ব্যবস্থাপক আছেন। কর্মভার বেশি হওয়ায় কোম্পানি তার জন্য একজন পরামর্শক নিয়োগ দেন। ফলে দিন দিন কোম্পানির অবস্থা উন্নতি হচ্ছে।

ক. কমিটি কী? ১
খ. সংগঠন চার্ট বলতে কী বুঝায়? ২
গ. প্রাথমিক পর্যায়ে কোম্পানির সংগঠন কাঠামোর ধরণ কিরূপ ছিল? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে পরামর্শক নিয়োগের কারণে কোম্পানি সংগঠন কাঠামোর কোনো পরিবর্তন ঘটেছে কী? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩.▶ জনাব তামিম একটি কৃষি ফার্মের কর্মকর্তা। তার ফার্মে পূর্বে লাঙ্গল দিয়ে চাষাবাদ হত। তিনি লাঙ্গলের পরিবর্তে ট্রাক্টর ব্যবহার করেন। তামিম কৃষি শ্রমিকদের কাছাকাছি থেকে তাদের কাজের খোঁজ-খবর নেন। তাছাড়া ফার্মের উচ্চপদস্থ কর্মকর্তাদের সিদ্ধান্ত তিনি শ্রমিকদের কাছে পৌঁছে দেন।

ক. প্রশাসন কী? ১
খ. নির্দেশনার ঐক্য বলতে কী বুঝায়? ২
গ. জনাব তামিমের কাজ ব্যবসায় ক্ষেত্রে সংগঠিত কোন বিপ্লবের সাথে সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব তামিম ব্যবস্থাপনার কোন স্তরে অবস্থান করছেন? ব্যাখ্যা করো। ৪

৪.▶ তিতাস লি. প্রতি একক পণ্য উৎপাদনে নিম্নবর্ণিত ব্যয়সমূহ প্রাক্কলন করেঃ


| ব্যয়ের উপাদান | একক প্রতি ব্যয় (টাকায়) |
|---|---|
| কাঁচামাল | ১,০০০ |
| শ্রম ব্যয় | ১৫০ |
| পরোক্ষ ব্যয় | ১০০ |
| অন্যান্য ব্যয় | ৫ |
| মোট ব্যয় | ১,৩০০ |
| বিক্রয় মূল্য | ১,৩৫০ |

একক প্রতি শ্রম ঘণ্টা ২০ মিনিট

তিতাস লি. তাদের উৎপাদন সংক্রান্ত ব্যয় ও বিক্রয় মূল্যেরভিত্তিতে নিয়ন্ত্রণ করে থাকে।

ক. নিয়ন্ত্রণ কী? ১
খ. নিয়ন্ত্রণ কিভাবে দক্ষতা বৃদ্ধি করে? ২
গ. উদ্দীপকে এককপ্রতি ব্যয় নির্ধারণ প্রক্রিয়ার কোন ধাপ? ৩
ঘ. তিতাস লি. কর্তৃক ব্যবহৃত কৌশলটি মূল্যায়ন করো। ৪

৫.▶




চিত্রে P হচ্ছে লিমা লি. এর শীর্ষ কর্মকর্তা। S এবং V হচ্ছে নিম্নস্তরের কর্মী। T হচ্ছে নিরাপত্তা বিভাগের ব্যবস্থাপক।

ক. ব্যবস্থাপনা কী? ১
খ. ব্যবস্থাপনাকে সর্বজনীন বলা হয় কেন? ২
গ. চিত্রে Q এবং R একই সাথে S কে ভিন্ন ভিন্ন কার্য সম্পাদনের নির্দেশ প্রদান করলে ব্যবস্থাপনার কোন নীতির লঙ্ঘন হবে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত লিমা লি. এর গুদামে আগুন লাগলে V সরাসরি T কে আগুন লাগার সংবাদ দিতে পারবে কী-না? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬.▶ পদ্মা লি. ম্যানেজার নিয়োগের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়। মানব সম্পদ ব্যবস্থাপনা বিভাগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে প্রাপ্ত আবেদনপত্র বাছাই করে। এদিকে ম্যানেজার পদে লোক নিয়োগের বিজ্ঞপ্তি দেয়ায় উক্ত পদের নিম্নস্তরের কর্মকর্তাদের মধ্যে অসন্তোষ ও ক্ষোভ দেখা দেয়।

ক. কর্মীসংস্থান কী? ১
খ. কর্মকেন্দ্রীক নেতৃত্ব বলতে কী বুঝায়? ২
গ. পদ্মা লি. বর্তমানে কর্মী নির্বাচনের কোন ধাপ শুরু করবে? ব্যাখ্যা করো। ৩
ঘ. ম্যানেজার পদে লোক নিয়োগের বিজ্ঞপ্তিতে অধঃস্তনদের অসন্তোষের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

৭.▶ মি. মিজান একজন জেনারেল ম্যানেজার। তিনি তার কারখানায় বিভাগীয় প্রধানদের সাথে প্রায়ই সভা করেন। সকলের পরামর্শ শোনেন এবং করণীয় নির্বাচন করেন। কিন্তু কারখানার উৎপাদন ব্যবস্থাপক কারও সাথে আলাপ না করে নিজে একাই টার্গেট নির্ধারণ করে দেন এবং ভয়ভীতি প্রদর্শনের মাধ্যমে কাজ আদায় করেন। প্রথম দিকে কারখানার উৎপাদন কিছুটা বৃদ্ধি পেলেও পরে তা হ্রাস পেতে থাকে।

ক. পরামর্শমূলক নির্দেশনা কী? ১
খ. একজন নেতার ঝুঁকি গ্রহণ ক্ষমতা বলতে কী বুঝায়? ২
গ. মি. মিজানের নেতৃত্বের ধরণ কী? ব্যাখ্যা করো। ৩
ঘ. উৎপাদন ব্যবস্থাপকের নেতৃত্বের ধরণটি তুমি কি সমর্থন কর? যুক্তিসহ ব্যাখ্যা করো। ৪

৮.▶ XYZ লি. একটি পোশাক প্রস্তুতকারী প্রতিষ্ঠান। এখানে শ্রমিকদের জন্য রয়েছে সুষ্ঠু কর্মপরিবেশ, চাকুরীর নিরাপত্তা ও প্রশিক্ষণ সুবিধা। কিন্তু ন্যায্য পারিশ্রমিক ও পরিবহন সুবিধা না থাকায় প্রায়ই কর্মীরা কাজে অমনোযোগী থাকে। ফলে প্রায়ই মালিক-শ্রমিক অসন্তোষ দেখা দেয়।

ক. বোনাস কাকে বলে? ১
খ. আত্মপূর্ণতার চাহিদা বলতে কী বুঝায়? ২
গ. XYZ লি. এ কোন ধরনের প্রেষণাদান পদ্ধতি বিদ্যমান? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লেখিত সমস্যা সমাধানে কোন ধরনের প্রেষণা সহায়ক বলে তুমি মনে কর? যুক্তিসহ ব্যাখ্যা করো। ৪

৯.▶ মি. মেরী একটি পোশাক কারখানার পরিকল্পনা প্রণয়ন ও সিদ্ধান্ত গ্রহণ কাজের সাথে জড়িত কারখানাটি ২০১৫ সালে ১১ লক্ষ পিচ প্যান্ট তৈরির লক্ষ্য মাত্রা নির্ধারণ করে। নিয়োজিত শ্রমিকরা দিনরাত পরিশ্রম করে ৩১ মে পর্যন্ত মাত্র ৩ লক্ষ পিচ প্যান্ট তৈরিতে সক্ষম হয়। পরিচালনা পর্ষদ কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের কোন অবহেলার প্রমাণ খুঁজে পাননি। এমতাবস্থায় নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কর্তৃপক্ষ চিন্তিত।

ক. পরিকল্পনা কী? ১
খ. পরিকল্পনা একটি নিরবিচ্ছিন্ন প্রক্রিয়া— ব্যাখ্যা করো। ২
গ. মি. মেরী কোন স্তরের ব্যবস্থাপক? ব্যাখ্যা করো। ৩
ঘ. নির্ধারিত সময়ে পরিকল্পনা বাস্তবায়নে প্রতিষ্ঠানটির করণীয় সম্পর্কে তোমার মতামত দাও। ৪

